

তাগিদ পত্র-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

স্মারক নং-৪৬.০৪২.০১৪.৪৫.০২.১১০.২০১২(১)- ৪৩৭৫

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ
নভেম্বর ২০১৫ খ্রিষ্টাব্দ

বিষয়: যশোর জেলার কেশবপুর উপজেলার সাগরদাঁড়ীতে ০৪ (চার) তলা বিশিষ্ট একটি আধুনিক ডাকবাংলো নির্মাণের প্লান, ডিজাইন ও প্রাক্কলন সংক্রান্ত।


সূত্র : ১) ৪৬.০৪২.০১৪.৪৫.০২.১১০.২০১২(১)-৩৭৭৩, তারিখ-০৪.১০.২০১৫ খ্রিঃ।

২) যশোর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপস/প্রকৌশল/সাডানিস/ড-১(২০১০)-৫৫৪(২), তাঃ ০৬.১০.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে যশোর জেলার কেশবপুর উপজেলার মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান সাগরদাঁড়ীস্থ অতি পুরাতন জরাজীর্ণ ডাকবাংলো স্থানটি এলজিইডি ডিজাইন ইউনিট কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে উক্ত স্থানে শৈল্পিক ও নান্দনিক কাঠামোয় ডাকবাংলো নির্মাণ লক্ষ্যে প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু অদ্যবদি কোন প্রস্তাব পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, যশোর জেলার কেশবপুর উপজেলার মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান সাগরদাঁড়ীস্থ অতি পুরাতন জরাজীর্ণ ডাকবাংলো নির্মাণের প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(মোঃ জাফর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান প্রকৌশলী
এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি-স্বত্বার্থে/কার্যার্থে :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, যশোর।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।